# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯১৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে সালাত নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যতীত আর কারো উপর সালাত পেশ করা জায়েয নেই, তার কথার অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الصَّلَاةَ لَا تَجُوزُ عَلَى أَحَدٍ إِلَّا عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَآلِهِ

আরবী

913 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا بُنْدَارٌ قَالَ: حَدَّثَنَا أَبُو دَاوُدَ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ قَالَ: سَمِعْتُ ابْنَ أَبِي أَوْفَى يَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا تَصَدَّقَ إِلَيْهِ أَهْلُ بَيْتٍ بِصَدَقَةٍ صَلَّى عَلَيْهِمْ قَالَ: فَتَصَدَّقَ أَبِي إِلَيْهِ بِصَدَقَةٍ فَقَالَ: (اللَّهُمَّ صَلِّ عَلَى آل أبي أوفى)

الراوي : ابْن أَبِي أَوْفَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 913 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯১৩. ইবনু আবী আওফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আহলে বাইতের কেউ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে সাদাকাহ নিয়ে আসলে তিনি তাদের উপর সালাত পেশ করতেন। রাবী বলেন, অতঃপর আমার বাবা তাঁর কাছে সাদাকাহ নিয়ে আসলে তিনি বলেন, اللَّهُمَّ صَلِّ عَلَى آل أبي أوفى (হে আল্লাহ, আপনি আবূ আওফার পরিবার-পরিজনের উপর সালাত তথা রহম করুন)।”[1]

ফুটনোট

[1] আবূ দাউদ আত তায়ালিসী: ৮১৯; হিলইয়াতুল আওলিয়া: ৫/৯৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৯৫৭; মুসনাদ আহমাদ: ৪/৩৫৩; সহীহ আল বুখারী: ১৪৯৭; সহীহ মুসলিম: ১০৭৮; আবূ দাউদ: ১৫৯০; সুনান বা্ইহাকী: ২/১৫২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪১৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89418

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন